

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৩৩. দো'আ করার সময় ''হে আল্লাহ্! আপনি যদি চান তা হলে আমাকে ক্ষমা করুন'' এমন বলা

আবু হুরাইরাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لاَ يَقُوْلَنَّ أَحَدُكُمْ: اللَّهُمَّ اغْفِرْ لِيْ إِنْ شِئْتَ ، اللَّهُمَّ ارْحَمْنِيْ إِنْ شِئْتَ ، لِيَعْزِمْ فِيْ الدُّعَاءِ ، فَإِنَّ اللهَ صَانِعٌ مَا شَاءَ ، لاَ مُكْرهَ لَهُ

"তোমাদের কেউ যেন কখনোই দো'আর মধ্যে এ কথা না বলে: হে আল্লাহ্! আপনার ইচ্ছে হলে আমাকে ক্ষমা করুন। হে আল্লাহ্! আপনার ইচ্ছে হলে আমাকে দয়া করুন। বরং সে যেন নিশ্চিতভাবে দো'আ করে। কারণ, আল্লাহ্ তা'আলা যা চান তাই করেন। তাঁকে কোন কাজে বাধ্য করার কেউই নেই"।[1] অন্য বর্ণনায় রয়েছে.

إِذَا دَعَا أَحَدُكُمْ فَلاَ يَقُلْ: اللَّهُمَّ اغْفِرْ لِيْ إِنْ شِئْتَ ، وَلَكِنْ لِيَعْزِمِ الْمَسْأَلَةَ، وَلْيُعَظِّمِ الرَّغْبَةَ ، فَإِنَّ اللهَ لاَ يَتَعَاظَمُهُ شَيْءٌ أَعْطَاهُ

"তোমাদের কেউ দো'আ করার সময় এমন যেন না বলে: হে আল্লাহ্! আপনার ইচ্ছে হলে আমাকে ক্ষমা করুন। বরং আল্লাহ্ তা'আলার নিকট কেউ কোন কিছু চাইলে সে অবশ্যই নিশ্চিতভাবে চাবে এবং বড়ো আশা রাখবে। কারণ, আল্লাহ্ তা'আলা কাউকে কোন কিছু দিলে তিনি উহাকে বড়ো মনে করেন না"।

ফুটনোট

[1] (মুসলিম, হাদীস ২৬৭৯)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11283

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন